দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 DEC [illegible] ...
পৃঃ ... কলাম ...

# দুইদিনব্যাপী শিশু কিশোর কম্পিউটার মেলা সম্পন্ন

চট্টগ্রাম অফিস ॥ প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুল আয়োজিত দুই দিনব্যাপী শিশু-কিশোর কম্পিউটার মেলা গত শুক্রবার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্ত হয়। শুধু শিশু-কিশোরদের দ্বারা পরিচালিত ও প্রদর্শিত এ মেলায় স্কুলের ছাত্র-ছাত্রীরা শিশু শিক্ষায় কম্পিউটারের বিভিন্ন দিক, যেমন এডুকেশন সফটওয়্যার, এ্যাপলিকেশন সফটওয়্যার, হার্ডওয়্যার, চলচ্চিত্র প্রদর্শনী, স্ক্যানিং, প্রিন্টিং, ইন্টারনেট ইত্যাকার বিষয়গুলি সঠিকভাবে দর্শকদের প্রদর্শন করে। তিন বছরের ছোট্ট শিশু অনিন্দ্য-এর সিডিরম হইতে কালার এণ্ড শেপ প্রোগ্রাম, মেমোরি গেম, ডট্-টু-ডট্ প্রোগ্রাম ইত্যাদি বুঝাইবার বিষয়টি মেলায় আগত বিভিন্ন বয়সী দর্শনার্থীদেরকে মুগ্ধ করে। মনিটর কম্পিউটার্সের সহযোগিতায় অনুষ্ঠিত মেলার সমাপনী দিনে শিশু চলচ্চিত্র 'জাংগল বুক ষ্টোরি' প্রদর্শিত হয়। সবশেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে চমৎকার প্রদর্শনী দক্ষতার জন্য শিশুদেরকে পুরস্কৃত করা হয়।